

# ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি কোটাসুর, বীরভূম

বিজ্ঞপ্তি সংখ্যা :- ০১/২০১৮-১৯

তারিখ ২৫/০৯/২০১৮

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যাইতেছে যে, আগামী ইং ১১/১০/২০১৮ তারিখে বেলা ১২ টার সময় ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতির সত্যনারায়ন ভবনে কুন্ডলা গ্রাম পঞ্চায়েতের অধীনস্থ ভাবঘাটি ফেরীঘাট এর ডাক অনুষ্ঠিত হইবে। উক্ত ঘাটটির ডাকে যারা অংশ গ্রহন করতে ইচ্ছুক তাদের উক্ত সময়ে অত্র পঞ্চায়েত সমিতির কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হইতেছে।

### শর্তাবলী :-

- ১। উক্ত ফেরীঘাটটি দায়িত্ব গ্রহনের দিন হইতে আগামী এক বৎসরের জন্য লিজ দেওয়া হইবে।
- ২। উক্ত ফেরীঘাটটির সরকারি বার্ষিক ন্যূনতম ডাক হইল ১৯,০১,০০০/- (উনিশ লক্ষ এক হাজার) টাকা।
- ৩। নিলাম ডাকে অংশ গ্রহন করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে আগামী ইং ০৯/১০/২০১৮ তারিখের মধ্যে অত্র কার্যালয় চলাকালীন আবেদন করিতে হইবে (ছুটির দিন ব্যতীত) PAN কার্ডের স্ব-স্বাক্ষরিত জেরক্স সহ।
- ৪। আবেদন পত্রের সহিত বায়না জমা হিসাবে ৭০০০/- (সাত হাজার) টাকার ব্যাঙ্ক ড্রাফট **Executive Officer, Mayureswar-II Panchayat Samiti** র অনুকূলে জমা দিতে হবে।
- ৫। প্রতিটি ডাকের মধ্যে ন্যূনতম ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যবধান থাকিতে হইবে।
- ৬। লিজ গ্রহিতাকে পঞ্চায়েত সমিতি কর্তৃক নির্ধারিত হারে টোল ফি আদায় করিতে হইবে। অন্যথায় পঞ্চায়েত সমিতি আইনানুগ ব্যবস্থা গ্রহন করিতে বাধ্য হইবে।
- ৭। লিজ গ্রহিতা বাদে অন্যান্য আবেদনকারীর বায়নার ড্রাফট ফেরৎ দেওয়া হইবে।
- ৮। ডাকে অংশগ্রহনকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারিকে ডাকের তারিখ হইতে আগামী ২ দিনের মধ্যে ডাকের সমস্ত টাকা অত্র পঞ্চায়েত সমিতিতে **Executive Officer, Mayureswar-II Panchayat Samiti** র অনুকূলে এবং **State Bank of India, Rampurhat** শাখায় প্রদেয় যোগ্য ডিম্যান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হইবে এবং ১০/- টাকার স্ট্যাম্প পেপারে কবুলিয়ত সম্পন্ন করিতে হইবে, অন্যথায় ডাকে দ্বিতীয় স্থানাধিকারী উক্ত ঘাটটি লিজ নিতে পারবে। এক্ষেত্রে সর্বোচ্চ ডাককারীর কোন আপত্তি গ্রাহ্য হইবে না। একইভাবে দ্বিতীয় স্থানাধিকারী ৭ দিনের মধ্যে লিজ না নিলে তৃতীয় স্থানাধিকারীকে লিজ নেওয়ার সুযোগ দেওয়া হইবে। নির্ধারিত সময়ের মধ্যে ডাকের সম্পূর্ণ টাকা এবং কবুলিয়ত জমা না দিলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হইবে।
- ৯। যানবাহন চলাচল অব্যাহত রাখার দায়িত্ব লিজ গ্রহীতার, এজন্য ফেরিঘাটের মেরামতি ও সংরক্ষন বাবদ সমস্ত খরচ লিজ গ্রহীতাকেই বহন করিতে হইবে।
- ১০। ফেরি ঘাট সংরক্ষনের গাফিলতির জন্য যান চলাচলে বিঘ্ন হইলে লিজ গ্রহীতা দায়বদ্ধ হইবেন। কোন প্রকার প্রাকৃতিক দুর্যোগ বা বন্ধ/অবরোধ ইত্যাদি কারণে ফেরিঘাটের আদায় বন্ধ থাকলে কোনপ্রকার ক্ষতিপূরণ দেওয়া হইবে না। সমস্ত প্রকার ক্ষতির দায় লিজ গ্রহিতাকেই বহন করিতে হইবে।
- ১১। লিজ গ্রহীতা এমন কোনও কাজ বা নির্মাণ করিতে পারিবেন না যাহাতে নদীর গতিপথ রুদ্ধ হয় বা নদীবন্ধের ক্ষতি হয়।
- ১২। লিজ গ্রহীতা কোন শর্ত/চুক্তি ভঙ্গ করিলে অত্র পঞ্চায়েত সমিতি জমা বাজেয়াপ্ত করিতে এবং বিনা নোটিশে ফেরি ঘাটের দখল লইতে পারিবে। এক্ষেত্রে পঞ্চায়েত সমিতির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।
- ১৩। সর্বোচ্চ দর বা যেকোন দর কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া গ্রহন বা বাতিল করিতে পারিবে।
- ১৪। অনিবার্য কারণবশত ডাকের দিন, সময় ও স্থান পরিবর্তন করা হইতে পারে।

  
নির্বাহী আধিকারিক

ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি  
কোটাসুর, বীরভূম

পত্রাঙ্ক ৭০০ (২৭)

তারিখ ২৫/০৯/২০১৮

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :-

- ১। সভাপতি, বীরভূম জেলা পরিষদ, সিউড়ি, বীরভূম
- ২। জেলা সমাহর্তা, বীরভূম জেলা, সিউড়ি, বীরভূম
- ৩। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, বীরভূম জেলা পরিষদ, সিউড়ি, বীরভূম
- ৪। মহকুমা শাসক, রামপুরহাট মহকুমা, রামপুরহাট, বীরভূম
- ৫। জেলা পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন আধিকারিক, বীরভূম জেলা
- ৬। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, বীরভূম জেলা
- ৭। ডিআইও, বীরভূম জেলা, মহাশয়কে জেলার ওয়েব সাইটে বিজ্ঞাপনটি প্রকাশ করার জন্য অনুরোধ জানাই।
- ৮। সেচ ও জলপথ দপ্তর, রামপুরহাট, বীরভূম
- ৯। সভাপতি, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ১০। সহকারী সভাপতি, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ১১। কর্মাধ্যক্ষ, খাদ্য ও সরবরাহ স্থায়ী সমিতি, বীরভূম জেলা পরিষদ, সিউড়ি, বীরভূম
- ১২। কর্মাধ্যক্ষ, সকল স্থায়ী সমিতি, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ১৩। প্রধান, ..... গ্রাম পঞ্চায়েত (সকল)
- ১৪। যুগ্ম নির্বাহী আধিকারিক, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ১৫। কৃষি উন্নয়ন আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ১৬। সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ১৭। প্রাথমিক স্বাস্থ্য আধিকারিক, ময়ূরেশ্বর ২, ষাটপলসা, বীরভূম
- ১৮। শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ১৯। ভারপ্রাপ্ত আধিকারিক, ময়ূরেশ্বর থানা, ময়ূরেশ্বর, বীরভূম
- ২০। বিদ্যালয় পরিদর্শক, ময়ূরেশ্বর চক্র, কোটাসুর, বীরভূম
- ২১। ব্লক প্রানী সম্পদ বিকাশ আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ২২। ব্লক যুব আধিকারিক, ময়ূরেশ্বর ২, কোটাসুর, বীরভূম
- ২৩। এস.ডি.ও., ময়ূরেশ্বর ইরিগেশন, ময়ূরেশ্বর, বীরভূম
- ২৪। গাননিক ও মুখ্য করনিক, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ২৫। কোষাধ্যক্ষ, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম
- ২৬। দীনবন্ধু মন্ডল, পিতা-পরেশ রতন মন্ডল, গ্রাম-আকোলপুর, পো:-কুন্ডলা, জেলা-বীরভূম
- ২৭। নোটিশ বোর্ড, ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি, কোটাসুর, বীরভূম

নির্বাহী

নির্বাহী আধিকারিক

ময়ূরেশ্বর ২ নং পঞ্চায়েত সমিতি

কোটাসুর, বীরভূম